

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং-৪৬.০০.০০০০.০৬৩.৩৪.০০১.১৯- ৩৪৬

তারিখঃ ৩০/০৩/২০২১ খ্রিঃ।

বিষয়: যশোর পৌরসভার ওয়ার্ড বিভক্তিকরণপূর্বক পৌরসভার নির্বাচন অনুষ্ঠানের আবেদন প্রসঙ্গে।

সূত্রঃ জনাব মোঃ হাসান জহির, সি/১৪, ৭-উপশহর, যশোর ও গং এর নিকট হতে প্রাপ্ত আবেদনপত্র।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর পৌরসভার সীমানা সম্প্রসারণের জন্য প্রস্তাবিত এলাকা অদ্যাবধি যশোর পৌরসভায় অন্তর্ভুক্ত হয়নি। সম্প্রসারণের জন্য প্রস্তাবিত এলাকা যশোর পৌরসভায় অন্তর্ভুক্তি যথেষ্ট সময় সাপেক্ষ ব্যাপার, যেহেতু মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত পৌরসভার ঘোষিত তফসিল ০৩(তিন) মাসের জন্য স্থগিতাদেশ প্রদান করেছে, এবং যে কোন সময় উক্ত পৌরসভার তফসিল ঘোষণা হতে পারে।

এমতাবস্থায়, সম্প্রসারণের জন্য প্রস্তাবিত এলাকার বাসিন্দাদের পৌর এলাকার ভোটার করে যশোর পৌরসভার নির্বাচন অনুষ্ঠানের কোন সুযোগ নাই মর্মে নির্দেশক্রমে অবহিত করা হলো।

(মোহাম্মদ ফারুক হোসেন)

উপসচিব

ফোনঃ ৯৫১৪১৪২

জনাব মোঃ হাসান জহির

সি/১৪, ৭-উপশহর, যশোর ও গং

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। জেলা প্রশাসক, যশোর।
- ০২। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, যশোর।
- ০৩। মেয়র, যশোর পৌরসভা, যশোর।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর, যশোর।
- ০৫। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।